



জেলা পরিষদ নেত্রকোণা

www.zpnetrokona.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

-ঃ গাছের টুকরা/ কাঠ নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি :-


নেত্রকোণা জেলা পরিষদ অফিস ও পূর্বধলা ডাকবাংলোর চত্বরে রক্ষিত গাছের টুকরা/ কাঠ বিক্রয় করার নিমিত্তে ইচ্ছুক কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠানসমূহের নিকট হতে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রম নং	গাছের টুকরা/ কাঠ অবস্থান	কাঠের পরিমাণ (ঘনফুট)	জ্বালানী কাঠের পরিমাণ (ঘনফুট)
০১	জেলা পরিষদ, নেত্রকোণা-এর অফিস চত্বরে রক্ষিত বিভিন্ন প্রজাতির গাছের টুকরা	১৫৯১.২৭	২২৯.০০
০২	পূর্বধলা ডাকবাংলো চত্বরে রক্ষিত বিভিন্ন প্রজাতির গাছের টুকরা	৪৬৭.৬০	৪৬১.০০

দরপত্র আগামী ০৯/০৩/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত জেলা পরিষদ, নেত্রকোণার-এর কার্যালয়ে রক্ষিত বাস্তব গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩.০০ টা সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের কক্ষে খোলা হবে। বিস্তারিত শর্তাবলি ও তথ্যাদি সম্বলিত দরপত্রের সিডিউল আগামী ০৮/০৩/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে প্রতিটি সিডিউল ৫০০/- (পাঁচশত) টাকায় নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) জেলা পরিষদ, নেত্রকোণা-এর কার্যালয় হতে ক্রয় করা যাবে। বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে জানা যাবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

শর্তাবলি

- ১। উদ্ধৃত দরের সাকুল্য টাকা বায়না হিসেবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণাএর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে দাখিল করতে হবে; অন্যথায় দরপত্র বাতিল মর্মে গণ্য হবে।
- ২। দরপত্র দাতাকে উদ্ধৃত দরের উপর বিধি মোতাবেক ১৫% মূল্যসংযোজন কর (ভ্যাট) ও ৫% আয়কর বাবদ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা-এর অনুকূলে কোনো তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল মর্মে গণ্য হবে।
- ৩। দরপত্রে কোনো অসঙ্গতি/অস্পষ্ট বা লেখার উপর কাটাকাটি, ঘষামাজা/দর বাদ পড়লে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪। দরপত্র দাতা কর্তৃক দাখিলকৃত দর গৃহীত হওয়ার পর গাছের টুকরাসমূহ ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত স্থান হতে সরিয়ে নিতে হবে। এতে ব্যর্থ হলে উদ্ধৃত দরের সাকুল্য টাকা বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে।
- ৫। সরেজমিনে গাছের টুকরাসমূহ পরিদর্শন করে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে। পরবর্তীতে কোনো অভিযোগ বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৬। কর্তৃপক্ষ যেকোনো কারণ ব্যতিরেকে যে কোনো/সকল দরপত্র বাতিল/গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।


২১/০২/২০২২
(মোঃ আল-আমিন)

সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নেত্রকোণা
ফোন : ০৯৫১-৫১০১৭
Email : zpnetrakona@yahoo.com


চলমান পাতা-২

স্মারক নং- জেপনে/প্রকৌঃ/ XII/০৭/২০১০-২০১১/০৬(৩২)

তারিখ : ১৬/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৪। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ৭। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা।
- ৯। সহকারী বন সংরক্ষক, নেত্রকোণা।
- ১০। জনাব সদস্য, জেলা পরিষদ, নেত্রকোণা (সকল)।
- ১১। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক যুগান্তর, যুগান্তর ভবন যমুনা ফিউচার পার্ক, বাড়ীধার, ঢাকা/ দৈনিক দর্পন, মোজারপাড়া, নেত্রকোণা ২০/০২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ছুটির দিন ব্যতীত ভিতরের পাতায় স্বল্প পরিসরে ৩ কলামে ৫ইঞ্চি লম্বায় প্রকাশ করা জন্য অনুরোধ করা হলো।
- ১২। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ১৩। জেলা পরিষদের ওয়েবসাইট www.zpnetrokona.gov.bd



(মোঃ আল-আমিন)

সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, নেত্রকোণা

ফোন : ০৯৫১-৫১০১৭

Email : zpnetrokona@yahoo.com